

**“মা ও শিশু” সহায়তা কর্মসূচির আওতায় রাজশাহী সিটি কর্পোরেশনের মার্চ-২০২৪ খ্রি. মাসের  
উপকারভোগী নির্বাচন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব শামীম আহমেদ  
জেলা প্রশাসক, রাজশাহী।

সভার স্থান : জেলা প্রশাসক এর সম্মেলন কক্ষ।

তারিখ : ৩১/০৩/২০২৪ খ্রি.

সময় : সকাল ১০.৩০ টা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.নং	আলোচ্য সূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় রাজশাহী সিটি কর্পোরেশনের মার্চ-২০২৪ মাসের উপকারভোগী নির্বাচন সংক্রান্ত।	উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী “মা ও শিশু” সহায়তা কর্মসূচির আওতায় রাজশাহী সিটি কর্পোরেশনের মার্চ-২০২৪ খ্রি. মাসের উপকারভোগী নির্বাচন সংক্রান্ত প্রধান কার্যালয় ঢাকার স্মারক নং ৩২.০১.০০০০.০১২.০২০.৬৮.২০.২৯১, তারিখ: ০১/০৮/২০২৩ খ্রি পত্র টি পাঠ করেন। পত্রের নির্দেশনা মোতাবেক রাজশাহী সিটি কর্পোরেশনের ৩০ (ত্রিশ) টি ওয়ার্ডের মধ্যে ২৭ (সাতাশ) টি ওয়ার্ড কাউন্সিলর এর কার্যালয়ের ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের মাধ্যমে ভাতা প্রত্যাশী গর্ভধারণের বিষয়টি নিশ্চিত করে প্রয়োজনীয় কাগজপত্র সহ অনলাইনে ১২৬ জন আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে ওয়ার্ড কমিটি অনলাইনে ১২৬ টি আবেদন পত্র সুপারিশ করেন। নীতিমালার আলোকে উক্ত আবেদন পত্র সমূহ অদ্যকার সভায় যাচাই বাছাই অন্তে ১২৩ জন উপকারভোগীর আবেদন পত্র সঠিক বলে বিবেচিত হয় (আবেদন পত্রের তালিকা সংযুক্ত) এবং ০৩ জন উপকারভোগীর আবেদন পত্র বিভিন্ন সমস্যার কারণে বাতিল বলে গণ্য হয়। ১২৩ জন উপকারভোগীর আবেদন পত্র সঠিক বলে বিবেচিত হওয়ায় উপকারভোগীর নামের তালিকা অনুমোদন করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	“মা ও শিশু” সহায়তা কর্মসূচির আওতায় রাজশাহী সিটি কর্পোরেশনের মার্চ-২০২৪ খ্রি. মাসে নীতিমালার আলোকে অনলাইনে অগ্রাধিকার তালিকার ভিত্তিতে উপকারভোগী নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর ও রাজশাহী সিটি কর্পোরেশনের সকল ওয়ার্ড কাউন্সিলর বৃন্দ
০২	বিবিধ	“মা ও শিশু” সহায়তা কর্মসূচির আওতায় ০৬, ১০, ১১, ১৩, ১৪, ১৮, ১৯ ২২, ২৩, ২৪ ও ২৭ নং ওয়ার্ডে বরাদ্দের চেয়ে আবেদন কম হওয়ায় এবং ০২, ২০ ও ২১ নং ওয়ার্ডে কোন আবেদন না হওয়ায় পরবর্তীতে বরাদ্দের প্রয়োজনীয় সংখ্যক আবেদন করার জন্য পরিচালক তথ্যের সহযোগিতায় ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	পরবর্তীতে বরাদ্দের প্রয়োজনীয় সংখ্যক আবেদন করার জন্য পরিচালক, তথ্যকে ব্যাপক প্রচার প্রচারনায় সহযোগিতার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী, উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, রাজশাহী ও রাজশাহী সিটি কর্পোরেশনের সকল কাউন্সিলর বৃন্দ

সভায় আর কোনো আলোচনা না থাকায় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত  
শামীম আহমেদ  
জেলা প্রশাসক  
ও  
সভাপতি  
মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন  
জেলা কমিটি, রাজশাহী।  
ফোন: ০২৫৮৮-৮০১১৮৯  
E-mail: [rajshahi.dwao@gmail.com](mailto:rajshahi.dwao@gmail.com)

“ শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
রাজশাহী  
website: www.dwa.rajshahi.gov.bd

স্মারক নং-৩২.০১.৮১০০.০০০.০৬.০০১.২৩.২৬৯

তারিখ: ১৮ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ  
০১ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মাননীয় মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
০২. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০৩. কর্মসূচি পরিচালক, মা ও শিশু সহায়তা কর্মসূচি, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০৪. জেলা প্রশাসক, রাজশাহী।
০৫. সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।

সদয় কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. পরিচালক, জেলা তথ্য অফিস, গণযোগাযোগ অধিদপ্তর, রাজশাহী।
০২. উপপরিচালক পরিবার পরিকল্পনা অধিদপ্তর, রাজশাহী।
০৩. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, রাজশাহী।
০৪. ডাঃ তামান্না কবির, মেডিকেল অফিসার, সিভিল সার্জন এর কার্যালয়, রাজশাহী।
০৫. জনাব মোহাম্মদ ফরহাদ উদ্দিন, ভেটেনারি সার্জন, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
০৬. নিরাপদ খাদ্য কর্মকর্তা, রাজশাহী।
০৭. কাউন্সিলর, রাজশাহী সিটি কর্পোরেশন (সকল), রাজশাহী।
০৮. সচিব ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়, রাজশাহী সিটি কর্পোরেশন (সকল), রাজশাহী।
০৯. ....
১০. অফিস কপি।



০১.০৪.২০২৪

শবনম শিরিন

উপপরিচালক

মহিলা বিষয়ক অধিদপ্তর

ও

সদস্য- সচিব

মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন

জেলা কমিটি, রাজশাহী।

ফোন : ০২৫৮৮-৮০১১৮৯

E-mail: rajshahi.dwao@gmail.com

